

৫৪৫
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

গোপাললাল ভিলা, বেনারস ক্যান্টনমেন্ট
১২ ফেব্রুয়ারী, ১৯০২

কল্যাণবরেষু,

তোমার পত্র সবিশেষ জানিয়া আনন্দিত হলাম। নিবেদিতার স্কুল সম্বন্ধে যা আমার বলবার ছিল, তাকে লিখেছি। বলবার এই যে, তার যা ভাল বিচার হয়, করবে।

আর কোনও বিষয়ে মতামত আমায় জিজ্ঞাসা করো না। তাতে আমার মাথা খারাপ হয়। তুমি কেবল ঐ কাজটা করে দিও -- এই পর্যন্ত। টাকা পাঠিয়ে দিও; কারণ উপস্থিত দু-চার টাকা মাত্র আছে।

কানাই মাধুকরী খায়, ঘাটে জপ করে; রাত্রে এসে শোয়। খুড়ো (Okakura) আর নিরঞ্জন আগ্রায় গেছে; আজ তাদের পত্র আসতে পারে।

যেমন প্রভু করাবেন করে যেও। এদের-ওদের মতামত কি? সকলকে আমার ভালবাসা জানিও এবং ছেলেদের। ইতি

বিবেকানন্দ